

সার্ভিকাল ক্যান্সারের জন্য কাদের স্ক্রিন করা দরকার এবং কত ঘন ঘন করতে হবে?

যাঁরা HPV টিকা নিয়েছেন তাঁরা সহ 21 থেকে 65 বছর বয়সী সকল নারীদের সার্ভিকাল ক্যান্সারের জন্য স্ক্রিনিং করানো দরকার।

- 21 থেকে 29 বছর বয়সী নারীদের প্রতি তিন বছর পর পর একটি প্যাপ টেস্ট করানো উচিত।
- 30 থেকে 65 বছর বয়সী নারীরা প্রতি তিন বছর পর পর একটি প্যাপ টেস্ট, প্রতি পাঁচ বছর পর পর একটি HR HPV টেস্ট অথবা প্রতি পাঁচ বছর পর পর একটি প্যাপ টেস্ট এবং একটি HR HPV টেস্ট করাতে পারেন।

65 বছরের বেশি বয়সী নারী বা যেসব নারীর সার্ভিক্স অপসারণ করা হয়েছে, তাঁদের জন্য সেবা বিকল্পটি বেছে নিতে স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত।

সার্ভিকাল ক্যান্সারের লক্ষণগুলি কী কী?

প্রথমে সার্ভিকাল ক্যান্সারের কোনও লক্ষণ নাও থাকতে পারে। এই জন্যই নিয়মিত স্ক্রিনিং এত গুরুত্বপূর্ণ।

সার্ভিকাল ক্যান্সারের লক্ষণগুলির মধ্যে রয়েছে:

- বেশীমাত্রায় যোনিসংক্রান্ত রক্তপাত বা স্রাব (স্বাভাবিকের চেয়ে বেশি)
- যৌনসংহাসের পর, দুটি মাসিকের মাঝে, বা পেলভিক পরীক্ষার পরে রক্তপাত
- যৌনসংহাস বা মূত্রত্যাগের সময় ব্যথা

এইসব লক্ষণের কোনটি আপনার
থাকলে আপনার স্বাস্থ্যসেবা
প্রদানকারীর সাথে কথা বলুন।

আপনি কি জানেন...

- HPV টিকা বেশীরভাগ সার্ভিকাল ক্যান্সার এবং অন্যান্য কিছু ক্যান্সার প্রতিরোধ করতে পারে।
- ধূমপান না করা এবং যৌনসংহাসকালে কনডম ব্যবহার করা সার্ভিকাল ক্যান্সারের ঝুঁকি কমাতে পারে।
- মহিলাদের সার্ভিকাল ক্যান্সারের স্ক্রিনিংয়ের ফলাফল যদি স্বাভাবিক না হয় তবে তাঁদেরকে স্বাস্থ্য সেবা প্রদানকারীর দ্বারা ফলো-আপ করাতে হবে।

হেলথ ইনস্যুরেন্স নেই?

New York State Department of Health Cancer Services Program (নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ ক্যান্সার পরিষেবা কর্মসূচী) নিউ ইয়র্কের যোগ্য, হেলথ ইনস্যুরেন্সবিহীন অধিবাসীদের জন্য বিনামূল্যে সার্ভিকাল ক্যান্সার স্ক্রিনিং প্রদান করে। আপনার কাছাকাছি একটি কর্মসূচী খুঁজে পেতে **1-866-442- CANCER (2262)** এ কল করুন।

নিউইয়র্ক স্টেট অফ হেলথের মাধ্যমে হেলথ প্ল্যানে নাম লেখানোর বিষয়ে তথ্য পেতে হেল্প লাইন **855.355.5777** -তে কল করুন অথবা এখানে যান: nystateofhealth.ny.gov.

সার্ভিকাল ক্যান্সার সম্পর্কে জানুন



সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধ করা যেতে পারে।

নিয়মিত স্ক্রিনিং সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধ করতে পারে বা রোগটি প্রাথমিক পর্যায়ে থাকা অবস্থায় সনাক্ত করতে সহায়তা করতে পারে যখন চিকিৎসা সবচেয়ে বেশি কার্যকর হতে পারে।

21 থেকে 65 বছর বয়সী সকল নারীদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে সার্ভিকাল ক্যান্সার স্ক্রিনিংয়ের বিষয়ে কথা বলা উচিত।



Department
of Health



Cancer Services
Program

সার্ভিকাল ক্যান্সার কী?

সার্ভিকাল ক্যান্সার এমন একটি ক্যান্সার যা একজন মহিলার সার্ভিক্স বা জরায়ু মুখে শুরু হয়। সার্ভিক্স হল জরায়ুর মুখ। এটি যোনির সাথে জরায়ুকে যুক্ত করে।

সার্ভিকাল ক্যান্সার সাধারণত সার্ভিক্সে কোষের পরিবর্তনগুলি দিয়ে শুরু হয়। যদি প্রথমদিকে সনাক্ত করা যায়, তাহলে এই কোষগুলিকে অপসারণ করার মাধ্যমে ক্যান্সার প্রতিরোধ করা যেতে পারে।



সার্ভিকাল ক্যান্সারের কারণ কী?

বেশীরভাগ সার্ভিকাল ক্যান্সার হিউম্যান প্যাপিলোম্যাইনাস (HPV) দ্বারা সৃষ্টি হয়। HPV হল একটি সাধারণত যৌনভাবে সংক্রমিত রোগ। পুরুষ ও মহিলা উভয়েরই HPV হতে পারে এবং সার্ভিক্স, যোনি, লিঙ্গ, মলদ্বার এবং কণ্ঠের ক্যান্সারের মত ক্যান্সারগুলি HPV দ্বারা সৃষ্টি।

HPV টিকা HPV-কে প্রতিরোধ করতে পারে। 9 বছর থেকে 14 বছরের মধ্যে বয়স এমন মেয়েদের এবং ছেলেদের, এবং 26 বছরের মধ্যে বয়স এমন তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য HPV টিকা সুপারিশ করা হয়।

সার্ভিকাল ক্যান্সারের ঝুঁকিগুলি কী কী?

- HPV থাকা। প্রায় সব সার্ভিকাল ক্যান্সারের ক্ষেত্রে HPV কারণ।
- স্ক্রিন না করানো হয়ে থাকলে। সার্ভিকাল ক্যান্সারটি প্রায়শই সেইসব মহিলাদের মধ্যে পাওয়া যায় যাঁদের কখনো স্ক্রিন করানো হয়নি।
- ধূমপান। যেসব মহিলারা ধূমপান করেন তাঁদের সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনা অ-ধূমপানকারীদের তুলনায় প্রায় দুই গুণ বেশী থাকে।
- বয়স। 30 বছরের বেশী বয়সী মহিলাদের সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনা বেশী।



এছাড়াও এগুলির দ্বারা সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনা বাড়তে পারে:

- সার্ভিকাল ক্যান্সার বা ডিসপ্লাজিয়া (প্রাক ক্যান্সার রোগগ্রস্ত কোষ) বা কোষের অস্বাভাবিক বৃদ্ধির জন্য চিকিৎসা করানো
- পাঁচ বছর বা তার বেশি সময় ধরে জন্মনিয়ন্ত্রণ বন্ডি ব্যবহার করা
- তিন বা তার থেকে বেশী বার বাচ্চার জন্ম দেওয়া
- অধিক যৌন সঙ্গী থাকা
- এইচআইভি বা অন্য কোন রোগাবস্থা থাকা যা আপনার শরীরকে সংক্রমণের বিরুদ্ধে লড়াই করাকে কঠিন করে তোলে
- আপনি গর্ভে থাকাকালীন আপনার মা DES (ডাইইথাইলস্টিলবেস্ট্রোল) গ্রহণ করে থাকলে



সার্ভিকাল ক্যান্সারের জন্য কিভাবে আমি স্ক্রিন করতে পারি?

স্ক্রিনিং-এর অর্থ উপসর্গ বা সমস্যা সৃষ্টি হওয়ার আগে ক্যান্সারের লক্ষণগুলির জন্য পরীক্ষা করে দেখা।

দুটি স্ক্রিনিং টেস্ট আছে যা সার্ভিকাল ক্যান্সার প্রতিরোধ করতে বা এটি প্রথমাবস্থায় সনাক্ত করতে সহায়তা করতে পারে:

প্যাপ টেস্ট (বা প্যাপ স্মিয়ার)

প্যাপ (প্যাপানিকোলাউ) টেস্ট সার্ভিক্স থেকে নেয়া কোষে কোনও পরিবর্তন হয়েছে কি না দেখে।

উচ্চ ঝুঁকি (HR) HPV টেস্ট

HR HPV টেস্ট HPV-এর সেই প্রকারগুলি সনাক্ত করে যা সবথেকে বেশী সার্ভিকাল ক্যান্সার ঘটায়। এই টেস্টটি সাধারণত প্যাপ টেস্টের মত একই সময়ে করা হয়।

আপনার স্ক্রিনিং ফলাফল স্বাভাবিক না হলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর দ্বারা ফলো-আপ করুন।

